

প্রেস বিজ্ঞপ্তি

নং-৮০.১১০.০৩৮.০০.০০.০১২.২০১৮-৬৭

তারিখ : ২৭ ফেব্রুয়ারি ২০১৯

বিষয়ঃ বাংলাদেশ সিভিল সার্ভিস ক্যাডারভুক্ত কর্মকর্তাদের সিনিয়র স্কেল পদোন্নতি পরীক্ষা আগস্ট, ২০১৮ এর স্বাস্থ্য অধিদপ্তরের প্রথম শ্রেণির (নন-ক্যাডার মেডিক্যাল) কর্মকর্তা ০৭ (সাত) জন প্রার্থীর ফলাফল বাতিল ।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সিভিল সার্ভিস ক্যাডারভুক্ত কর্মকর্তাদের সিনিয়র স্কেল পদোন্নতি পরীক্ষা আগস্ট, ২০১৮ এর ফলাফল কমিশন সচিবালয়ের ০৪.১২.২০১৮ তারিখের ৮০.১১০.০৩৮.০০.০০.০১১.২০১৮-২২৫ নং স্মারকে প্রকাশ করা হয়। প্রকাশিত ফলাফল গত ০৫.১২.২০১৮ তারিখ বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত হয়।

২. বাংলাদেশ সিভিল সার্ভিস (পদোন্নতি জন্য পরীক্ষা) বিধিমালা, ২০১৭ এর ৫(১) বিধিতে উল্লেখ আছে “কোন কর্মচারী সার্ভিসে তাহার চাকরিতে স্থায়ী না হইলে এবং স্বীয় ক্যাডারে চাকরিকাল ৪ (চার) বৎসর পূর্ণ না হইলে পরীক্ষায় অংশগ্রহণের যোগ্য হইবেন না”।

৩. সিনিয়র স্কেল পদোন্নতি পরীক্ষা আগস্ট, ২০১৮ এর গত ০৪.১২.২০১৮ তারিখের প্রকাশিত ফলাফলের ৬ নং কলামে উল্লেখ আছে “ চাকুরী সংক্রান্ত কোন প্রকার ভুল তথ্য প্রদান করে অথবা তথ্য গোপন করে পরীক্ষায় অংশগ্রহণ করে উত্তীর্ণ হলেও ফলাফল প্রকাশের পর পরবর্তীকালে তা উদঘাটিত হলে পরীক্ষার ফলাফল বাতিল বলে গণ্য হবে। প্রকাশিত ফলাফলে অসাবধানতাবশতঃ (inadvertently) কোন ভুলত্রুটি পরবর্তীতে পরিলক্ষিত হলে কর্ম কমিশন তা সংশোধন করার অধিকার সংরক্ষণ করে।” ফলাফল পর্যালোচনান্তে দেখা যায় যে, স্বাস্থ্য অধিদপ্তরের প্রথম শ্রেণির (নন-ক্যাডার মেডিক্যাল) কর্মকর্তা ০৭ (সাত) জন প্রার্থী উক্ত পরীক্ষায় অংশগ্রহণ করে নিম্নবর্ণিত বিষয়/বিষয়সমূহে উত্তীর্ণ হন। বিষয়টি বিধি বহির্ভূত হওয়ায় কর্ম কমিশন কর্তৃক ০৭ (সাত) জন প্রার্থীর উত্তীর্ণ বিষয়/বিষয়সমূহের ফলাফল বাতিল করা হলো।

ক্রঃ নং	প্রার্থীর নাম, পদের নাম, আই.ডি নম্বর ও রেজিঃ নম্বর	প্রকাশিত ফলাফলে উত্তীর্ণ বিষয়/বিষয়সমূহ	কমিশনের সিদ্ধান্ত
১.	ডাঃ বাসু দেব দে (নন-ক্যাডার) (স্বাস্থ্য) আই.ডি নং ১২০৮৫২ রেজিঃ নং ৭০০০৭৯	আইন, বিধি ও পদ্ধতি-২য়পত্র	ফলাফল বাতিল
২.	ডাঃ সৈয়দা সাবরিনা সিদ্দিকা (নন-ক্যাডার) (স্বাস্থ্য) আই.ডি নং ১২২৩০৪ রেজিঃ নং ৭০০৩৬৯	বাংলাদেশ ও চলতি বিষয়াবলী-১মপত্র পদ সংশ্লিষ্ট (স্বাস্থ্য)-৩য়পত্র	-এ-
৩.	ডাঃ ফারজানা জামান মুনা (নন-ক্যাডার) (স্বাস্থ্য) আই.ডি নং ১২৩৪৬৫ রেজিঃ নং ৭০০৪১৯	বাংলাদেশ ও চলতি বিষয়াবলী-১মপত্র পদ সংশ্লিষ্ট (স্বাস্থ্য)-৩য়পত্র	-এ-
৪.	ডাঃ রোকসানা পারভীন (নন-ক্যাডার) (স্বাস্থ্য) আই.ডি নং ১২২৮৬৮ রেজিঃ নং ৭০০৪২২	বাংলাদেশ ও চলতি বিষয়াবলী-১মপত্র পদ সংশ্লিষ্ট (স্বাস্থ্য)-৩য়পত্র	-এ-

ক্রমশ/০২

